

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

খুলনা-৯২০৩

বিজ্ঞপ্তি

অত্র বিশ্ববিদ্যালয়ে ইতঃপূর্বে ভর্তিকৃত সিভিল ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং এন্ড ম্যানেজমেন্ট, এনার্জি সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, বায়োমেডিকেল ইঞ্জিনিয়ারিং ও লেদার ইঞ্জিনিয়ারিং বিভাগে এম.এস-সি. ইঞ্জিঃ ও পি-এইচ.ডি প্রোগ্রামে, আরবান এন্ড রিজিওনাল প্লানিং বিভাগে এমইউআরপি ও পি-এইচ.ডি প্রোগ্রামে এবং গণিত, রসায়ন ও পদার্থ বিজ্ঞান বিভাগে এম.এস-সি. ও পি-এইচ.ডি প্রোগ্রামে যে সকল ছাত্র/ছাত্রী অধ্যয়ন করছে তাদেরকে আগামী ০১/০১/২০১৯ইং হতে ২৪/০১/২০১৯ইং তারিখের মধ্যে জানুয়ারী-২০১৯ সেমিস্টারের কোর্স ও থিসিস/প্রোজেক্ট এর রেজিস্ট্রেশন সম্পন্ন করার জন্য নিম্নবর্ণিত হারে ফি পরিশোধান্তে কোর্স রেজিস্ট্রেশন করতে বলা যাচ্ছে।

ফি এর বিবরণ

সঞ্চয়ী হিসাব নং-২৫৮৯		
১।	কোর্স রেজিস্ট্রেশন ফি প্রতি Credit hour ১০০/- টাকা হারে	
২।	চিকিৎসা ফি *	২২০.০০
৩।	পরীক্ষার ফি	৩৫০.০০
৪।	থিসিস/প্রোজেক্ট ফি প্রতি Credit hour ১০০/- টাকা হারে	
৫।	ইন্টারনেট ফি *	১৮০.০০
৬।	গ্রেডশীট	৫০.০০
৭।	পরিবহন ফি *	২২৫.০০
৮।	বিদ্যুৎ *	৩০০.০০
সঞ্চয়ী হিসাব নং-২১৪৩		
৯।	ধর্মীয় ফি	২৫.০০
সঞ্চয়ী হিসাব নং-২৩০৩		
১০।	ছাত্র বিষয়ক কার্যক্রম	৭৫.০০
১১।	সাহিত্য ও সংস্কৃতি ফি	৪৫.০০
১২।	খেলাধুলা ফি	১২৫.০০
১৩।	বার্ষিকী	৩০.০০
সঞ্চয়ী হিসাব নং-৬২৫০		
১৪।	জরুরী সাহায্য তহবিল	১০০.০০
সঞ্চয়ী হিসাব নং-০১০০০৮৬৯৪৯৭৭১		
১৫।	বিএনসিসি	২০.০০

উল্লেখ্য যে, অত্র বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষার্থীদের (বিভাগীয় প্রার্থী) ক্ষেত্রে ‘*’ চিহ্ন খচিত পরিবহন, বিদ্যুৎ, চিকিৎসা এবং ইন্টারনেট বাবদ টাকা প্রদান করতে হবে না।

টাকা ও রেজিস্ট্রেশন কার্ড জমা দেয়ার নিয়মাবলী :

- ০১) টাকা জমা দেওয়ার রশিদে নির্ধারিত হারে ফি-এর টাকা পূরণ করার পর তা শিক্ষা শাখায় জমা দিতে হবে এবং শিক্ষা শাখা কর্তৃক যাচাই এর পর টাকা ব্যাংকে জমা দেয়ার জন্য ছাড়পত্র দেয়া হবে।
- ০২) ব্যাংকে টাকা জমা দেয়ার রশিদ শিক্ষা শাখায় (পোস্ট গ্রাজুয়েট) দেখানোর পর রেজিস্ট্রেশন কার্ড সংগ্রহ করতে হবে। প্রাপ্ত রেজিস্ট্রেশন কার্ড যথাযথ ভাবে পূরণ করে নির্ধারিত সময়ের মধ্যে ফটোকপি করে এক কপি নিজের কাছে, এক কপি কোর্স কো-অর্ডিনেটর এর কাছে এবং মূল কপি সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের দপ্তরে জমা দিতে হবে।

স্বাক্ষরিত/-

৩১/১২/২০১৮

(জি, এম, শহিদুল আলম)

রেজিস্ট্রার

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

স্মারক নং-খুপ্রবি/শিক্ষা/২০০১/৫০

তারিখঃ ৩১/১২/১৮ইং

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ১। ডীন, সকল অনুষদ, অত্র বিশ্ববিদ্যালয়।
- ২। ইনস্টিটিউট পরিচালক, সকল ইনস্টিটিউট, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৩। পরিচালক, আইআইসিটি, অত্র বিশ্ববিদ্যালয়। অত্র বিজ্ঞপ্তি ইন্টারনেটে প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
- ৪। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৫। পরিচালক, সকল পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৬। লাইব্রেরিয়ান, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৭। কম্পিউটার, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৮। পরীক্ষা নিয়ন্ত্রক, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৯। সকল শাখা প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়।
- ১০। ম্যানেজার, জনতা ব্যাংক, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখা, খুলনা। ছাত্র-ছাত্রীদের ভর্তি ফি ও অন্যান্য পাওনাদি জমা নেওয়ার প্রয়োজনীয় ব্যবস্থার গ্রহণের জন্য অনুরোধ করা হলো। অত্র বিশ্ববিদ্যালয়ের শিক্ষা শাখার ছাড়পত্র ছাড়া কোন টাকা জমা না নেওয়ার জন্যও অনুরোধ করা হলো।
- ১১। সকল নোটিশ বোর্ড।
- ১২। সংরক্ষণ নথি।

(সেখ আক্বাছ আলী)

ডেপুটি রেজিস্ট্রার, শিক্ষা শাখা